# THE LOCAL GOVERNMENT (UPAZILA PARISHAD AND UPAZILA ADMINISTRATION REORGANISATION) (REPEAL) ACT, 1992

## ১৯৯২ সনের ২ নং আইন

[২৯ জানুয়ারী, ১৯৯২]

**Local Government (Upazila Parishad and Upazila Administration Reorganisation) Ordinance, 1982 রহিতকরণকল্পে প্রণীত আইন।**

যেহেতু Local Government (Upazila Parishad and Upazila Administration Reorganisation) Ordinance, 1982 (LIX of 1982) রহিতকরণ এবং তৎসম্পর্কিত বিষয়ে বিধানকরণ সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত শিরোনামা

**১।** এই আইন The Local Government (Upazila Parishad and Upazila Administration Reorganisation) (Repeal) Act, 1992 নামে অভিহিত হইবে।

Ord. LIX of 1982 এর রহিতকরণ

**২।** (১) Local Government (Upazila Parishad and Upazila Administration Reorganisation) Ordinance, 1982 (LIX of 1982), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্‌দ্বারা রহিত করা হইল।

(২) উক্ত Ordinance রহিত হইবার সঙ্গে সঙ্গে-

(ক) উহার অধীনে গঠিত সকল Upazila Parishad অতঃপর বিলুপ্ত উপজেলা পরিষদ বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইবে;

(খ) বিলুপ্ত উপজেলা পরিষদের সকল সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব ও সুবিধাদি এবং স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং অন্য সকল দাবী ও অধিকার সরকারের উপর ন্যস্ত হইবে;

(গ) বিলুপ্ত হইবার পুর্বে বিলুপ্ত উপজেলা পরিষদের স্বার্থে উহার যে সকল ঋণ, দায় ও দায়িত্ব ছিল তাহা সরকারের ঋণ, দায় ও দায়িত্ব বলিয়া গণ্য হইবে;

(ঘ) বিলুপ্ত হইবার পূর্বে বিলুপ্ত উপজেলা পরিষদ কর্তৃক অথবা উহার বিরুদ্ধে যে সকল মামলা-মোকদ্দমা চালু ছিল সেই সকল মামলা-মোকদ্দমা সরকার কর্তৃক অথবা ক্ষেত্রমত সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা-মোকদ্দমা বলিয়া গণ্য হইবে;

(ঙ) কোন চুক্তিতে, দলিলে বা চাকুরীর শর্তে যাহা কিছুই থাকুক না কেন, বিলুপ্ত উপজেলা পরিষদের সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরী উপ-ধারা (৩) এর অধীন আত্মীকরণের উদ্দেশ্যে, সরকারের নিকট হস্তান্তরিত হইবে।

(৩) উপ-ধারা (২) এর দফা (ঙ) এর অধীন সরকারের নিকট বিলুপ্ত উপজেলা পরিষদের হস্তান্তরিত কর্মকর্তা ও কর্মচারীগণ, সরকারের নির্দেশক্রমে, সরকারের বা কোন স্থানীয় কর্তৃপক্ষের অধীন কোন পদে, সরকার যেরূপ শর্তাবলী নির্ধারণ করিতে পারে সেরূপ শর্তাবলী অনুযায়ী আত্মীকৃত হইবেন এবং যদি উক্তরূপ শর্তাবলী কোন কর্মকর্তা বা কর্মচারীর নিকট গ্রহণযোগ্য না হয় তাহা হইলে সরকার লিখিত নোটিশ দ্বারা, এতদুদ্দেশ্যে সরকার যেরূপ সুবিধাদি নির্ধারণ করিতে পারে সেরূপ সুবিধাদি প্রদান করিয়া, উক্ত কর্মকর্তা বা কর্মচারীর চাকুরীর অবসান করিতে পারিবে।

রহিতকরণ ও হেফাজত

**৩।** (১) Local Government (Upazila Parishad and Upazila Administration Reorganisation) (Repeal) Ordinance, 1991 (অধ্যাদেশ নং ৩৭, ১৯৯১ ) এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত Ordinance এর অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই Act এর অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।